

(প্রেস বিজ্ঞপ্তি)

০৫ এপ্রিল ২০২২

পোর্ট সিটি হাউজিং ওয়েলফেয়ার এসোসিয়েশনের স্মারকলিপি গ্রহণকালে মেয়র

মাদারবাড়ী পোর্ট সিটি হাউজিং এলাকা থেকে

সকল অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, মাদারবাড়ী পোর্ট সিটি হাউজিং দীর্ঘদিন যাবৎ মামলা মোকাদ্দমার পর অবশেষে মহামান্য আদালত থেকে চসিকের অনুকূলে রায় প্রদান করে। এখন থেকে সেখানকার সকল অবৈধ দখলদারদের উচ্ছেদের মাধ্যমে সোসাইটি বসবাস যোগ্য করা উদ্যোগ গ্রহণ করা হবে। আজ মঙ্গলবার সকালে পোর্ট সিটি হাউজিং ওয়েলফেয়ার এসোসিয়েশন নেতৃবৃন্দ তাঁর কার্যালয়ে স্বাক্ষর করে এলে তাদের উদ্দেশ্যে তিনি এসব কথা বলেন। সে সময় সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, এসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ আবদুল্লাহ আল মোবিন চৌধুরী, সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম চৌধুরী উপস্থিত ছিলেন।

মেয়র আরো বলেন, দীর্ঘদিন মামলা সংক্রান্ত জটিলতার কারণে এই আবাসিক এলাকাটি পরিত্যক্ত হয়ে পড়ে ছিলো। এখন মামলার রায় পাওয়ার পর এলাকার সার্বিক উন্নয়ন কর্মকাণ্ডের উদ্যোগ নেয়া হবে। তিনি সোসাইটির নেতৃবৃন্দের আবেদনের বিষয়টি বিবেচনা করা হবে বলে নেতৃবৃন্দকে আশ্বাস প্রদান করেন।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

গাউছিয়া সুইটস এন্ড বেকারী ও আয়োজন রেস্তোঁরাকে

২ লক্ষ টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে কারখানায় খাদ্যপণ্য প্রস্তুত, খোলা ও মেয়াদ বিহীন খাদ্যপণ্য রাখা, কর্মরত কর্মীদের স্বাস্থ্য সনদ না থাকায় হালিশহর গাউছিয়া সুইটস এন্ড বেকারীকে ১ লক্ষ টাকা এবং অস্বাস্থ্যকর, নোংরা ও দুর্গন্ধময় পরিবেশে খাদ্যপণ্য প্রস্তুত ও বিক্রির এবং বাসি খাবার সংরক্ষণ করায় অলংকার মোড়ে আয়োজন রেস্তোঁরাকে ১ লক্ষ টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩